উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

## এপ্রিল ২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: ওবায়দুর রহমান বেলাল<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। |
| সভার তারিখ | : | ২৬ এপ্রিল ২০২২ খ্রি:। |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ,মাদারগঞ্জ, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর পক্ষে মেডিকেল অফিসার ডা: শামীম ইফতেখার সভায় জানান, ০২ এপ্রিল ২০২২ এর মধ্যে সারাদেশে ০১(এক) কোটি কোভিড-১৯ Vaccine প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ Vaccine কার্যক্রম চলমান আছে। ইপিআই টীকা কার্ড যথাযথভাবে প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া ০৮(আট) জন মেডিকেল অফিসার নতুন যোগদান করায় হাসপাতালে স্বাস্থ্য সেবার মান আগের তুলনায় বৃদ্ধি পাচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্যসেবার মান নিশ্চিতকরণসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২১-২০২২ অর্থ বৎসরের রাজস্ব উদ্বৃত্ত এবং বার্ষিক উন্নয়ন তহবিলের বিপরীতে প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পগুলোর বিপরীতে সরেজমিনে কাজের গুনগনমান বিবেচনা করে অর্থ ছাড় করা হচ্ছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বৎসরের রাজস্ব উদ্বৃত্ত এবং বার্ষিক উন্নয়ন তহবিলের প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রকল্পগুলোর কাজের মান সরেজমিনে পরিদর্শন করে প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর দাখিলকৃত চলতি এপ্রিল/২০২২ মাসে তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নরুপ:<br>প্রশিক্ষণ = ২৫৩ জন<br>রাজস্ব আদায় = ৫৪,১২৫/-<br>চিকিৎসা (গবাদি পশু) = ৪০৫৭ টি<br>চিকিৎসা (হাঁস মুরগী) = ২৮৬৬২ টি,<br>টিকাদান (গবাদি পশু) = ৪১১৮ টি<br>টিকাদান(হাঁস মুরগী) = ৬৬০০০ টি, কৃত্রিম প্রজনন = ৮৪৭ টি<br>সংকর জাতের বাছুর উৎপাদন = ৩৫৩ টি।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, উপজেলা পরিষদ সংলগ্ন খরকা বিল খননের কাজ চলমান আছে। তাছাড়া কাজ প্রকল্পের মাধ্যমে ৪০ জন মৎস্যচাষির প্রশিক্ষণসহ জাটকা অভিযান চলমান। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এ-উপজেলা প্রাথমিক বিদ্যালয়গুলো নিয়মিত পরিদর্শন এবং মা সমাবেশ কার্যক্রম চলমান আছে এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে নিয়মিত বিদ্যালয় পরিদর্শনসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল | উপজেলা শিক্ষা অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে এপ্রিল/২০২২ মাসে স্থায়ী বন্ধ্যাকরণ-১০ জন, আইইউডি-১৭ জন, ইমপ্লান্ট-১১৮ জন, ইনজেকশন-৫৯৬ ভায়েল, খাবার বড়ি (সুখী)-৭৬৭২ চক্র, কনডম-৮৮০১ পিছ, প্রতিষ্ঠানিক ডেলেভারী-১৪ জন।<br>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে স্বাস্থ্যসেবার মান জোরদার করাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,মাদারগঞ্জ। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এ উপজেলায় ছাত্রছাত্রীদের ইউনিক আইডির কার্যক্রম চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| ০৯. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান চলতি এপ্রিল/২০২২ মাসের-<br>১. অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি খাতে বিভিন্ন স্তরের ৫৫ জন শিক্ষার্থীর তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত করা হয়েছে।<br>২. রোগী কল্যান সমিতির আওতায় দরিদ্র অসহায় রোগীদের মাঝে বিনামুল্যে ঔষুধ বিতরণ করা হচ্ছে।<br>৩। ক্ষুদ্রঋণ কার্যক্রম অব্যাহত আছে।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত PRDP-3 প্রকল্পের ১৬ টি স্কীমের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া চলতি মাসে ১,৪০,০০০/-(এক লক্ষ চল্লিশ হাজার) টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। চলতি মাসে ৫৩,০০০/-(তিপ্পান্ন হাজার) টাকা ঋণ আদায় হয়েছে এবং ১৮,০০০/-(আঠার হাজার) টাকা সঞ্চয় আদায় হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং টিআর কর্মসূচির আওতায় প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্পের বিপরীতে খাদ্যশস্য ও নগদ অর্থ ছাড় করা হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান আছে এবং যথারিতী পরিদর্শন করা হচ্ছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোনান্তে খাদ্যশস্য ও টাকা ছাড় করার বিপরীতে প্রকল্পের কাজের অগ্রগতি এবং গুণগতমান সরেজমিনে পরিদর্শন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এপ্রিল/২০২২ মাসে অপ্রাতিষ্ঠানিক ভ্রাম্যমান ০২ টি ব্যাচের প্রশিক্ষন কার্যক্রম চলমান হয়েছে। এছাড়াও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ জন যুবকদের ফ্রি ল্যান্সিং ও ডিজিটাল মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়েছে। তাছাড়া ঋন আদায় এবং বিতরণ কার্যক্রম চলমানসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় দুটি নারী উন্নয়ন সমবায় সমিতি লি: রয়েছে। উক্ত সমিতির অনুকূলে ২(দুই) কোটি ৪০ (চল্লিশ লক্ষ) টাকা ঋন প্রদান করা হয়েছে। তাছাড়া সমিতিতে ২০০ জন সফলভোগী রয়েছে। উক্ত সমিতিতে নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলমান এবং দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের এপ্রিল/২০২২ মাসের কার্যক্রমসমূহ :<br>১। ভিজিডি : ৭ টি ইউনিয়নের ভিজিডি চাউল/খাদ্য ৩০ কেজি হারে ডি.ও প্রদান করা হয়েছে।<br>২। মাতৃত্বকালীন ভাতা : উক্ত কর্মসূচির আওতায় ১১৬৯ জনের ভাতা কার্যক্রম চলমান আছে এবং বকেয়া ভাতা প্রদান করা হচ্ছে।<br>৩। ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল : উক্ত কর্মসূচির আওতায় মাদারগঞ্জ পৌরসভায় ৪৭৫ জনের ভাতা কার্যক্রম চলমান আছে।<br>তাছাড়া কিশোর-কিশোর ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ০৮ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালিত হচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিজিডি চাউল বিতরণসহ অন্যান্য ভাতা বিতরণ কার্যক্রমে তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৯. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ। | উপ সহকারি পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের এপ্রিল/২০২২ মাসে এ উপজেলায় প্রকল্পভুক্ত নাবীপাটবীজ উৎপাদনকারী চাষীর নিকট হতে ৮০০ কেজি তোষাপাট বীজ ক্রয় করা হয়েছে। তাছাড়া ২০২১-২০২২ অর্থ বছরে ২২০০ কেজি তোষা পাটবীজ পাট অধিদপ্তর হতে বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দকৃত পাটবীজ প্রকল্পভুক্ত চাষীদের মধ্যে বিনামুল্যে বিতরণ করা হবে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উৎপাদিত তোষা পাটবীজ ব্যবহারের জন্য কৃষকদের সচেতনতা বৃদ্ধি করাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২০. | উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের এপ্রিল/২০২২ মাসের ঋণ বিতরণ ৯৯.০০ লক্ষ টাকা এবং আদায় ৬৫.৭১ টাকা হয়েছে। এক্ষেত্রে আদায়ের লক্ষ্যমাত্রা ৯৭%। অপরদিকে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২১. | উপজেলা বন বিভাগ | ফরেস্টার, মাদারগঞ্জ, জামালপুর জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তার দপ্তরের এপ্রিল/২০২২ মাসের<br>MF ঋণ বিতরণ : ৬৫.৭৮ লক্ষ টাকা<br>আদায় : ৬৯.৯৩ লক্ষ টাকা<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৩. | ফায়ার সার্ভিস বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত কোন প্রতিনিধি প্রেরন করেন নাই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২৪. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডোর টু ডোর উঠান বৈঠক কার্যক্রম চলমান আছে। তাছাড়া তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৫. | ইসলামী ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন |
| ২৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | *উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ সমাপ্ত হওয়ায় প্রতিবেদনসহ বিল ভাউচার পিএমইউ-তে প্রেরণ করা হয়েছে। তাছাড়া অবকাঠামো উপ-প্রকল্পের টেন্ডার কার্যক্রম শেষ হওয়ায় দ্রুত কার্যাদেশ দেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হয়।<br>*উপজেলা পরিষদ ম্যানুয়্যাল অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক বাজেট ঘোষণা ও বার্ষিক কর্মপরিকল্পনা আগামী ৩১ মে ২০২২ খ্রি: তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার নির্দেশনা থাকায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হয়।<br>* অবকাঠামো উপ-প্রকল্পের আওতায় ৪ নং বালিজুড়ী ইউনিয়নের মির্জাপুর গ্রাম এবং ১ নং চরপাকেরদহ ইউনিয়নের নব্যচর গ্রামে সোলার চালিত সেচ পাম্প স্থানের নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিয়নের উল্লিখিত গ্রামে সুনিদিষ্ট স্থান চিহ্নিত করে সোলার পাম্পের সুবিধাভোগী কৃষকগ্রুপের নামে জমি কবুলিয়ত করার জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, ১ নং চরপাকেরদহ এবং ৪ নং বালিজুড়ী ইউপিকে অনুরোধ করা হলো। | ১। চেয়ারম্যান, ১ নং চরপাকেরদহ ইউপি। মাদারগঞ্জ, জামালপুর।<br>২। চেয়ারম্যান, ৪ নং বালিজুড়ী ইউপি। মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭. | বিবিধ আলোচনা | ক. জনাব মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক ২০১০ সালে উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহারের জন্য একটি পাজেরো জীপ গাড়ী বরাদ্দ প্রদান করা হয়। যাহার রেজিস্টেশন নং-জামালপুর-ঘ-১১-০০-২৯। জীপ গাড়ীটি বরাদ্দ প্রদানের তারিখ হতে জাতীয় এবং স্থানীয় নির্বাচন, বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড নিয়মিত দর্শন/পরিদর্শন এবং সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন কাজে ব্যবহার করা হয়ে থাকে। গাড়ীটি দীর্ঘদিন ব্যবহার হওয়ায় এর বিভিন্ন যন্ত্রাংশ সম্পূর্ণ/আংশিকভাবে বিকল হয়েছে। যাহার ফলশ্রুতিতে রাস্তায় চলাচলে প্রায়ই বিকল হয়ে যাওয়ায় সরকারি দৈনন্দিন কাজকর্মে বিঘ্ন সৃষ্টি হয়। এমতাবস্থায়, পাজেরো জীপগাড়ীটি অকেজো ঘোষণা পূর্বক উপজেলা পরিষদ চেয়ারম্যানের অনুকূলে নতুন একটি গাড়ি প্রতিস্থাপনের জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের ব্যবহৃত জীপ গাড়ী নং-জামালপুর-ঘ-১১-০০-২৯ অকেজো ঘোষণা পূর্বক নতুন একটি গাড়ী প্রতিস্থাপনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| | | খ. জনাব মির্জা ফকরুল ইসলাম, চেয়ারম্যান, ৪ নং বালিজুড়ী ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এলজিইডি কর্তৃক বাস্তবায়িত ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর অধীনে অত্র ইউনিয়নে ০১(এক) টি উপ-প্রকল্প গ্রহণের স্থান চিহ্নিত করেছে। তিনি আরও জানান উপ-প্রকল্পে এলজিইডি নির্মিত পানি ব্যবস্থাপনা অবকাঠামোর পরিচালন ও রক্ষণাবেক্ষণ (পওর) এর যাবতীয় দায়িত্ব নিতে স্থানীয় জনগণ পানি ব্যবস্থাপনা সমিতি গঠন করে এর সদস্যপদ গ্রহণে সম্মত আছে। উপ-প্রকল্প নির্মাণ কার্যক্রমে সহযোগিতা এবং পানি সম্পদ ব্যবস্থাপনায় সক্রিয় অংশগ্রহণের জন্য তারা ইতিমধ্যে একটি কার্যকরী কমিটি গঠন করেছে। এমতাবস্থায়, উপ-প্রকল্পটি অত্র ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ হওয়ায় সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করছি। | সভায় বিস্তারিত আলোচনান্তে ৪ নং বালিজুড়ী ইউনিয়নে এলজিইডি কর্তৃক বাস্তবায়িত ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর অধীনে উপ-প্রকল্পটি চিহ্নিত স্থানে বাস্তবায়নে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর।<br>২। চেয়ারম্যান, ৪ নং বালিজুড়ী ইউপি। |
| | | গ. জনাব মো: মোস্তাফিজুর রহমান সাজু, চেয়ারম্যান, ৩ নং গুনারীতলা ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অত্র ইউনিয়নের মোসলেমাবাদ আলিম মাদ্রাসার পার্শ্বে কাতলামারী-নিশ্চিন্তপুর রাস্তায় ব্রীজটি জরাজীর্ণ/চলাচলের অকেজো হওয়ায় যেকোন সময় জনগণের জানমালের ক্ষতিসাধিত হতে পারে। তাই অকেজো ব্রীজটি ভেঙ্গে মাটি ভরাট করত: সাধারণ জনগণের চলাচলের উপযোগী করার বিষয়ে সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে সরেজমিনে ব্রীজটি পরিদর্শন করে ভেঙ্গে ফেলার প্রয়োজন হলে, তা দ্রুত অপসারণ করত: জনগণের চলাচলের সুবিধার্থে মাটি ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর।<br>২। চেয়ারম্যান, ৩ নং গুনারীতলা ইউপি। |

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

২৬.০৪.২০২২

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-৪৩৩/১(৪০) — তারিখ ঃ ২৬ এপ্রিল ২০২২ খ্রিঃ।

কার্যার্থে অনুলিপি ঃ

১। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ,সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-৪৩৩/১(০৮) তারিখ ঃ ২৬ এপ্রিল ২০২২ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি ঃ

১। আলহাজ্ব মির্জা আজম, এমপি, সভাপতি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
৬। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৮। অফিস কপি।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ।